

# 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৭৫

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সারা বছর একাধারে সিয়াম রাখার নিষেধ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ نَفْي جَوَازِ سَرْدِ الْمُسْلِمِ صوم الدهر

## আরবী

3575 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ حَدَّتَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّتَنَا عُبَيْدُ بْنُ سَعِيدِ قَالَ: سَمِعْتُ شُعْبَةَ عَنْ قَتَادَةَ عَنْ مُطَرِّفِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الشِّخِيرِ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (مَنْ صَامَ الْأَبَدَ فَلَا صَامَ ولا أفطر) الراوي : عَبْد اللَّهِ بْن الشِّخِيرِ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3575 اخلاصة حكم المحدث: صحيح \_ ((التعليق)) ـ أيضاً ـ. قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صلى الله عليه وسلم: (مَنْ صَامَ الْأَبَدَ فَلَا صَامَ وَلَا أَفْطَرَ) يُرِيدُ بِهِ: فَلَا صَامَ الْأَبْدَ وَفِيهِ الْأَيَّامُ الَّتِي نُهي عَنْ صِيَامِهَا مِثْلُ أَيَّامِ التَّشْرِيقِ مِنَ الْعِيدَيْنِ مَنْ عَيْرِ مُفَارَقَتِهِ الْإِثْمَ (فَلَا صَامَ وَلَا أَفْطَرَ) يريد منه: فَلَا صَامَ الدَّهْرَ كُلَّهُ فَيُؤجِر عَلَيْهِ مِنْ غَيْرِ مُفَارَقَتِهِ الْإِثْمَ (فَلَا صَامَ وَلَا أَفْطَرَ) يريد منه: فَلَا صَامَ الدَّهْرَ كُلَّهُ فَيُؤجِر عَلَيْهِ مِنْ غَيْرِ مُفَارَقَتِهِ الْإِثْمَ اللّهِ عليه وسلم: (مَنْ عَلَيْهِ مِنْ غَيْرِ مُفَارَقَتِهِ الْإِثْمَ الْتَقْرَقِ عَلَيْهِ جَهَنَّمُ هَكَذَا) وَعَقَدَ عَلَيْهِ تِسْعِينَ يُرِيدُ بِهِ: ضَيِّقَ عَلَيْهِ جَهَنَّمُ هَكُولَ عَلَيْهِ جَهَنَّمُ عَنْ صِيَامِهَا فِي دَهْرِهِ.

#### বাংলা

৩৫৭৫. আব্দুল্লাহ বিন শিখখীর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি সবসময় সিয়াম রাখে, সে সিয়াম রাখেনি এবং সিয়াম ছাড়েওনি।"[1]

আবৃ হাতিম ইবনু হিবারে রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "যে ব্যক্তি সবসময় সিয়াম রাখে, সে সিয়াম রাখেনি এবং সিয়াম ছাড়েওনি" এর দ্বারা উদ্দেশ্য হলো যে ব্যক্তি সবমসময় সিয়াম রাখে। এর মাঝে সেসব দিনগুলোও অন্তর্ভুক্ত, যাতে সিয়াম পালন করা নিষেধ। যেমন: আইয়ামে তাশরীক ও ঈদের



### দিন।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "সে সিয়াম রাখেনি এবং সিয়াম ছাড়েওনি" এর দ্বারা উদ্দেশ্য হলো সে এমনভাবে হামেশায় সিয়াম রাখেনি যে, তাকে সাওয়াব দেওয়া হবে। কেননা সে নিষিদ্ধ দিনে সিয়াম পালনের গোনাহ থেকে নিজেকে রক্ষা করেনি। এজন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি সবসময় সিয়াম রাখে, তার উপর জাহান্নামকে এভাবে সংকুচিত করে দেওয়া হবে।" এই তিনি আঙ্গুলিসমূহকে ৯০ গিরা দেন। নিষিদ্ধ দিনগুলিতে সিয়াম রাখার কারণে জাহান্নামকে তার উপর সংকুচিত করে দেওয়া হবে।"

# ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৯৮; নাসাঈ: ৪/২০৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৮৬৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৭৮; সহীহুল বুখারী: ১৯৭৭; সহীহু মুসলিম: ১১৫৯; ইবনু মাজাহ: ১৭০৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৮৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শিখখীর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন